ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ১২ কলাম ৬

# বাজেটে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের বেতন-ভাতা ও আরবী ভার্সিটির জন্য অর্থ বরাদ্দ নেই

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের স্ট্যান্ডিং কমিটির এক সভা গতকাল জমিয়াত সভাপতি আলহাজ্জ এ এম এম বাহাউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় কর্মরত প্রায় ৩৬ হাজার শিক্ষক-শিক্ষিকার জন্য কোন বেতন-ভাতা বরাদ্দ এবং ফাজিল-কামিল-এর মান প্রদানের লক্ষ্যে স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যা[illegible] অর্থ বরাদ্দ না থাকায় ক্ষোভ প্রকাশ করা হয়। সভায় বলা হয়, ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ থাকা সত্ত্বেও শিক্ষামন্ত্রীর বিমাতাসুলভ দৃষ্টিভঙ্গির কারণে বাজেটে অবহেলিত ইবতেদায়ী শিক্ষকদের জন্য বেতন-ভাতার বরাদ্দ রাখা হয়নি, তাছাড়া বিগত অর্থবছরে ইবতেদায়ী শিক্ষকদের জন্য প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা বরাদ্দ রাখা হলেও শিক্ষামন্ত্রীর নির্দেশনার [illegible]

[illegible] এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## জমিয়াতুল মোদার্রেছীনের ক্ষোভ

১২-এর পৃষ্ঠার পর

বরাদ্দকৃত টাকা শিক্ষকগণকে প্রদান করা হয়নি যার কারণে মাদ্রাসার শিক্ষকগণ মানবেতর জীবনযাপন করছেন।

জমিয়াতুল মোদার্রেছীন মনে করে, ইবতেদায়ী শিক্ষকগণকে বেতন না দেয়ার কারণে মাদ্রাসা শিক্ষার প্রাথমিক স্তর এবং ফাজিল কামিলের মান প্রদানের লক্ষ্যে ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা না করায় শিক্ষার উচ্চ স্তরের শিক্ষা ধ্বংস করার মাধ্যমেই মাদ্রাসা শিক্ষাকে ধ্বংস করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তাই ঐতিহ্যবাহী মাদ্রাসা শিক্ষাকে ধ্বংসের হাত থেকে রক্ষার বিষয়ে মাননীয় সংসদ সদস্যবৃন্দ, মাননীয় অর্থমন্ত্রী এবং বিশেষ করে মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃষ্টি কামনা করছে।

সভায় উপস্থিত ছিলেন, মহাসচিব আলহাজ্ব মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী, স্ট্যান্ডিং কমিটির সদস্য জনাব মাওঃ মোঃ ইউনুছ, মাওলানা সফিউদ্দিন ভূইয়া, মাওঃ আঃ রহমান বেলাসী, মাওঃ কাফিল উদ্দীন সরকার, মাওঃ শামসুল হুদা, মাওঃ আঃ রাজ্জাক, আলহাজ্ব মাওলানা এ কে এম মোস্তাফিজুর রহমান প্রমুখ।